

শুষ্ক অস্থির সমস্তুলী

শিশুদের কাছে ব্যাখ্যা করুন কিভাবে পবিত্র আত্মা আমাদের নৃতনীকৃত করে

প্রার্থনা : “প্রভু, আমাদের শিশুদের আশ্বাস দাও যে তুমি তাদের যীশুতে মৃত্যু থেকে উত্থিত করবে, যাতে তারা তাঁর সঙ্গে প্রতাপে চিরকাল বাস করতে পারে।”

এই শিশু শিক্ষণ কার্যকলাপের যে কোন একটি পছন্দ করুন।

একটি বড় শিশুকে অথবা শিক্ষককে ঈশ্বর যিহিফেলকে যে শুষ্ক অস্থি যুক্ত সমস্তুলীর দর্শন দিয়েছিলেন, সেই দর্শনটি পাঠ করতে বা স্মৃতি থেকে বলতে দিন (যিহিফেল ৩৭ঃ১-১৪)। ঈশ্বর কিভাবে ইস্রায়েলীয়দের প্রত্যাশা দিয়েছিলেন যে তিনি তাদের রক্ষা করবেন সেই বিষয়টি প্রথমে শিশুদের মনদিয়ে শ্রবন করতে বলুন, কারণ ঈশ্বর যিহিফেল ভাববাদী কর্তৃক ইহা প্রতিজ্ঞা করেছিলেন।



গল্পটি বলার পর নিম্নলিখিত প্রশ্নগুলো জিজ্ঞাসা করুন। (যদি প্রয়োজন হয় উত্তরগুলো বলে দেবেন।)

- কে ভাববাদীকে অস্থি আবৃত সমস্তুলীর প্রদর্শন করেছিলেন?
উত্তরঃ ১ পদ দেখুন।
- যিহিফেল যখন অস্থিদের কাছে ভাববানী বলেছিলেন, তখন তিনি কি শুনেছিলেন?
উত্তরঃ ৭ পদ দেখুন।
- ঈশ্বরের প্রাণবায়ুর দ্বারা অস্থি সকল কি করেছিলেন?
উত্তরঃ ১০ পদ দেখুন।
- অস্থিগুলো কিসের প্রতিনিধিত্ব করেছিল?
উত্তরঃ ১১ পদ দেখুন। ইহা ছিল তাঁর লোকদের অস্থি।
- ঈশ্বর তার লোকদের কি দান করার প্রতিজ্ঞা করেছিলেন যাতে তারা আবার জীবিত হতে পারবেন?
উত্তরঃ ১৪ পদ দেখুন।

গল্পটির কয়েকটি অংশ নাটক করুন।

- প্রাচীন উপাসক মণ্ডলীর নেতাদের সঙ্গে এই নাটকটি উপস্থাপনের ব্যবস্থা করুন।
- নাটকটি প্রস্তুতির জন্য শিশুদের সঙ্গে আপনার সময় ব্যবস্থা করুন।
- আপনাকে সব অংশগুলো ব্যবহার করতে হবে না।

- বড় শিশুদের অথবা প্রাপ্ত বয়স্কদের এই অংশগুলো অভিনয় করতে দিন;
বর্ণনাকারীঃ গল্পটি সংক্ষিপ্ত করে শিশুদের পাঠ মুখস্থ করতে সাহায্য করবেন।

ঈশ্বরের কণ্ঠস্বর

যিহিঙ্কেল

- ছোট শিশুদের এই অংশ গুলো অভিনয় করতে দিনঃ
অস্থিসকল চোখ বন্ধ করে মেঝেতে পড়ে থাকতে হবে।
বাতাস।

শুষ্ক অস্থির দর্শন

বর্ণনাকারীঃ যিহিঙ্কেল ৩৭ঃ১-১৪ পদ থেকে দর্শনটি বলুন। তারপর বলবেন, “শুনুন ঈশ্বর কি বলছেন।”

ঈশ্বরের কণ্ঠস্বরঃ “যিহিঙ্কেল, আমি তোমাকে আমার লোকদের ভবিষ্যৎ দেখাতে চাই। এই অস্থি আবৃত সমস্তলীটি দেখ। তুমি কি মনে কর যে এই অস্থিগুলো আবার জীবিত হয়ে উঠতে পারে?”

যিহিঙ্কেলঃ “কেবলমাত্র আপনিই জানেন, প্রভু।”

ঈশ্বরের কণ্ঠস্বরঃ “তাদেরকে বল যে আমি অস্থিসকল একত্র করব এবং তাদের প্রাণ বায়ু দেব।”

যিহিঙ্কেলঃ “শুষ্ক অস্থিসকল তোমরা জীবিত হবে!”

অস্থিসকলঃ মড়মড় ধ্বনি করবে এবং মেঝেতে চোখ বন্ধকরা অবস্থায় পরস্পরের কাছে আসবে।

যিহিঙ্কেলঃ “এখন ঈশ্বর তোমার মধ্যে তাঁর আত্মার শ্বাস বায়ু দেবেন এবং তুমি জীবিত হবে। বায়ু, প্রবাহিত হও!”

বাতাসঃ সবগে অস্থিগুলোর দিকে বইতে থাকে।

অস্থিসমূহঃ লাফিয়ে উঠে সৈন্যদের মত সোজা হয়ে দাঁড়াবে। বলবে, “প্রভু আমাদের জীবন দিয়েছেন!”

“আমরা একম অদ্বিতীয়ম সর্বশক্তিমান ঈশ্বরের প্রশংসা করি?”

“সর্বশক্তিমান তাঁর সঙ্গে অনন্তকাল প্রতাপে বাস করার জন্য মৃতদের উত্থাপিত করেন!”


বর্ণনাকারী অথবা বড়শিশুঃ যারা এই নাটকটি করতে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাবেন।

প্রশ্ন জিজ্ঞাসা করুনঃ শিশুরা যদি প্রাপ্ত-বয়স্কদের জন্য এই নাটকটি উত্থাপন করে থাকে, তবে তারা তাদেরকে উপরের তালিকার প্রশ্নগুলো জিজ্ঞাসা করবেন।

জিজ্ঞাসা করুনঃ ঈশ্বর আর কি কি প্রতিজ্ঞা করেছেন যা ভবিষ্যতে সম্পূর্ণ হবে? (শিশুদের অথবা প্রাপ্তবয়স্কদের উদাহরণ দিতে হবে।)

অস্থির অথবা কঙ্কালের একটি বড় ছবি অঙ্কন করুন।

- আপনি একটি বড় কঙ্কালের ছবির অঙ্গ প্রত্যঙ্গগুলো কাটতে পারেন এবং শিশুদের সেগুলো আবার বাঁধার মত একসঙ্গে জোড়া লাগাতে বলতে পারেন।
- শিশুদের পরবর্তী আরাধনা সময় অথবা ঘরে বড়দের কাছে তাদের ছবিগুলোর দেখাতে দিন।
- অস্থিগুলো ব্যাখ্যা প্রদর্শন করে যে ঈশ্বরের আত্মা যে কোন ব্যক্তিকে পরিবর্তিত করতে পারেন, তার অবস্থা যতই খারাপ হোক না কেন — শিশুদের ব্যাখ্যা করতে দিন।
- অস্থিগুলো আমাদের আরও মনে করিয়ে দেয় যে ঈশ্বর আমাদের তাঁর সঙ্গে চিরকাল প্রতাপের মধ্যে বাস করার জন্য মৃত্যু থেকে উত্থিত করবেন।



- আমরা কেবল যীশুর মাধ্যমেই অনন্ত জীবন গ্রহণ করতে পারি, কারণ কেবল তিনিই আমাদের স্থান গ্রহণ করেছিলেন, আমাদের পাপের জন্য মূল্য পরিশোধ করেছিলেন এবং আমাদের সমস্ত লজ্জা তাঁর নিজের উপর বহন করেছিলেন। তারপর তিনি মৃত্যু থেকে উত্থিত হয়েছিলেন যাতে তিনি আমাদেরকে উ তাঁর কাছে আনতে পারেন। তিনি আমাদের অনুসরণের জন্য একটাই পথ তৈরী করেছিলেন।

২ বংশাবলি ৭ঃ১৪ পদটি মুখস্থ করুন।

কবিতা আবৃত্তিঃ দুটি শিশুর প্রত্যেককে ঘিরমিয় ৩১ঃ৩৩,৩৪ পদটি একটি করে আবৃত্তি করতে বলুন।

পবিত্র আত্মা কিভাবে আমাদের জীবন দান করেন সেই বিষয়ে বড় শিশুদের কবিতা, গান অথবা নাটক লিখতে বলুন।

প্রার্থনা ঃ “প্রিয় প্রভু, কেবলমাত্র তুমি একাই শূন্য অস্থিদের তুলতে এবং হাঁটাতে সক্ষম। আমাদের মৃত্যুর পরেও তুমি আমাদের মধ্যে প্রাণ বায়ু সঞ্চারণ করতে পার। আমরা আমাদের পাপে আত্মিক ভাবে মৃত হয়ে গেছি, কিন্তু তুমি আমাদের নূতন, পবিত্র জীবন দিয়েছ যা অনন্তকাল স্থায়ী।”